

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ২ অক্টোবর, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : প্রতিবেদন/ডকুমেন্ট প্রেরণে প্রদত্ত ডেটলাইন থেকে দেরী হলে কর্মীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে কোন কোন কর্মী বিভিন্ন অজুহাতে বিভিন্ন কাজের প্রদত্ত সময়সীমা অতিক্রম করছেন। এটি দায়িত্ব আবহেলার সামিল বলে ব্যবস্থাপনা মনে করছে।

তাই ব্যবস্থাপনা এসকল কর্মীদের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহন করা হবে:

১. প্রথম পর্যায়ে ডেট লাইন অতিক্রমকারী কর্মীবৃন্দ নিম্নলিখিত হারে আর্থিক জরিমানার সম্মুখীন হবেন যা মাসিক বেতন থেকে সমন্বয় করা হবে।

ক্রম	পদবী	জরিমানা-টাকায় (প্রতিদিন দেরীর জন্য)
১	শাখা হিসাব রক্ষক	৫০
২	শাখা ব্যবস্থাপক/ব্যবস্থাপক	৭৫
৩	এলাকা ব্যবস্থাপক/সহঃ সমন্বয়কারী/কর্মকর্তা পর্যায়ের কর্মীবৃন্দ	১০০
৪	আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী/ সমন্বয়কারী/প্রকল্প সমন্বয়কারী/প্রকল্প ব্যবস্থাপক/ /এমএন্ডই কর্মকর্তা	১৫০
৫	উর্ধ্বতন সমন্বয়কারী/আরটিএল/প্রধান	২০০
৬	সহকারী পরিচালক	২৫০

২. এখানে উল্লেখ্য যে, ডেটলাইনের তারিখ ৫ দিন পার হওয়ার পর সে কর্মীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া দ্বিতীয় এবং তৃতীয় পর্যায়ের পর ডেটলাইন অতিক্রমকারী কর্মী দায়িত্ব কর্তব্যে অবহেলাজনিত প্রশাসনিক ব্যবস্থার আওতায় পড়বেন। জরিমানার চিঠি যিনি ডেটলাইন দেবেন তিনিই কর্মী এবং বেতন প্রদানকারীর কাছে পাঠাবেন।
৩. উল্লেখ্য যে কোন যৌক্তিক কারণ থাকলে ডেট লাইনের বিষয়টি যারা ডেটলাইন নিয়েছেন এবং দিয়েছেন তাদের সাথে আলোচনা সাপেক্ষে পুনরায় নির্ধারণ করা যেতে পারে। তবে দাতা সংস্থার মাসিক প্রতিবেদন এবং মাসিক অন্যান্য নিয়মিত প্রতিবেদনের ডেটলাইন কোনভাবেই পুনঃনির্ধারণ করার সুযোগ নেই।
৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর করা হবে এবং আগামী ২০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে বুলানো থাকবে, পরবর্তী দুটি সভায় এটি আলোচনা করতে হবে এবং পরবর্তীতে তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।
৫. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ২০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ ০



সনত কুমার ভৌমিক 02.10.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস ফাইল।